# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৬৯৭

২০. হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১. ইহরামকালীন গোসল

بَاب الْغُسْلِ لِلْإِهْلَالِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّ أَسْمَاءَ بِنْتَ عُمَيْسٍ وَلَدَتْ مُحَمَّدَ بْنَ أَبِي بَكْرٍ بِذِي الْحُلَيْفَةِ فَأَمَرَهَا أَبُو بَكْرٍ أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلَّ

বাংলা

রেওয়ায়ত ২. সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ) বর্ণনা করেন- জুল-হুলায়ফা নামক স্থানে আসমা বিনত উমাইসের গর্ভে আবূ বকর (রাঃ)-এর পুত্র মুহাম্মদের জন্ম হয়। আবু বকর (রাঃ) তখন আসমাকে গোসল করিয়া ইহরাম বাধিয়া নিতে নির্দেশ দেন।[1]

## English

Yahya related to me from Malik from Yahya ibn Said from Said ibn al-Musayyab that Asma bint Umays gave birth to Muhammad ibn Abi Bakr at Dhu'l-Hulayfa and Abu Bakr told her to do ghusl and then enter ihram.

ফুটনোট

[1] আসমা বিনত উমাইস (রাঃ) হযরত আবু বকর (রাঃ)-এর স্ত্রী ছিলেন। তাহার গর্ভে হযরত আবু বকর (রাঃ)-এর পুত্র মুহাম্মদের জন্ম হয়। তখন তাহারা হজ্জের উদ্দেশ্যে মক্কার দিকে রওয়ানা হইয়াছিলেন। অন্য এক বর্ণনায় দেখা যায় জুল-হুলায়ফা নামক স্থানে উক্ত ঘটনাটি ঘটিয়াছিল। উভয় স্থানই মদীনার নিকটবর্তী। এই হাদীসটি দ্বারা বোঝা যায় ঋতুমতী ও নিফাসওয়ালী মহিলাগণ ইহরাম বাধিতে পারেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73592

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন